

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৫৬.২০২৩.০২৬


তারিখ: ২০ এপ্রিল ১৪৩০ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব সাজিয়া আফরিন (১৬১৩৪১০১০৬৩), প্রভাষক (অর্থনীতি), নীলফামারী সরকারি মহিলা কলেজ, নীলফামারী এর অনুকূলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১৬/০২/২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০১৯.১৮.১৬৯ নং স্মারক মোতাবেক অস্ট্রেলিয়াতে স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ১৫/০২/২০২২ হতে ১৬/০৩/২০২২ তারিখ পর্যন্ত ৩০ (ত্রিশ) দিন অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি গ্রহণ করেন। সে মোতাবেক আপনি নীলফামারী সরকারি মহিলা কলেজ হতে ০৫/০৩/২০২২ তারিখ অপরাহ্ন দায়িত্বভার অর্পণ করে অস্ট্রেলিয়াতে গমন করেন। গত ০৪/০৪/২০২২ তারিখ আপনার ছুটির মেয়াদ শেষ হওয়ায় ০৫/০৪/২০২২ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ উত্থাপিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উত্তরূপ কার্যকলাপ আচরণবিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

বর্তমান কর্মস্থল:

জনাব সাজিয়া আফরিন

প্রভাষক (অর্থনীতি), নীলফামারী সরকারি মহিলা কলেজ, নীলফামারী।

স্থায়ী ঠিকানা:

জনাব সাজিয়া আফরিন

পিতা: মো: আমিনুর রহমান

গ্রাম: বোড়াগাড়ী বাজার, ডাকঘর: বোড়াগাড়ী বাজার; থানা: ডোমার, জেলা: নীলফামারী।

অনুলিপি:


১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব সাজিয়া আফরিন (১৬১৩৪১০১০৬৩), প্রভাষক (অর্থনীতি), নীলফামারী সরকারি মহিলা কলেজ, নীলফামারী এর অনুকূলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১৬/০২/২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০১৯.১৮.১৬৯ নং স্মারক মোতাবেক অস্ট্রেলিয়াতে স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ১৫/০২/২০২২ হতে ১৬/০৩/২০২২ তারিখ পর্যন্ত ৩০ (ত্রিশ) দিন অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি গ্রহণ করেন। সে মোতাবেক আপনি নীলফামারী সরকারি মহিলা কলেজ হতে ০৫/০৩/২০২২ তারিখ অপরাহ্ন দায়িত্বভার অর্পণ করে অস্ট্রেলিয়া গমন করেন। গত ০৪/০৪/২০২২ তারিখ আপনার ছুটির মেয়াদ শেষ হওয়ায় ০৫/০৪/২০২২ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ উত্থাপিত হয়েছে;

জনাব সাজিয়া আফরিন (১৬১৩৪১০১০৬৩), প্রভাষক (অর্থনীতি), নীলফামারী সরকারি মহিলা কলেজ, নীলফামারী এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


(সোলেমিন খান)
সচিব